**অতি জরুরি**
**ই-মেইল মারফত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা।
www.mofl.gov.bd

পত্র সংখ্যা-৩৩.০০.০০০০.১০৯.১৬.০১৩.১৯-৬৯৬

তারিখঃ ১০ ভাদ্র ১৪২৬ / ২৫ আগস্ট ২০১৯

বিষয়ঃ- সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

২৫ আগস্ট ২০১৯ তারিখ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সংস্থাপ্রধানসহ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন **০৫ সেপ্টেম্বর, ২০১৯** তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mofl.gov.bd) পাওয়া যাবে।

সংযুক্তিঃ ১২ (বার) পাতা।

(আ.ন.ম. নাজিম উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৪০৭।
ই-মেইল: administration-3@mofl.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪ কারওয়ান বাজার, তেজগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২/ প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (সকল)/ যুগ্মপ্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা/ উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৪। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৭। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৮। অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, চট্টগ্রাম।
৯। রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১০। উপসচিব (সকল)/ উপপ্রধান,------------------------------------------------------, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
১১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৪। সিনিয়র সহকারী প্রধান/ সহকারী প্রধান/ সহকারী সচিব (সকল),------------------, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
১৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
১৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
১৭। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে দেয়ার অনুরোধসহ)।
১৮। প্রোগ্রামার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

## এ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাপ্রধানসহ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতিঃ কাজী ওয়াছি উদ্দিন
সচিব (রুটিন দায়িত্ব)
তারিখ : ২৫ আগস্ট ২০১৯
সময় : বেলা ২:০০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত আছে।

২। সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব আ.ন.ম. নাজিম উদ্দীন বিগত ১১ জুন ২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সংস্থাপ্রধানসহ সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সবার সম্মতিক্রমে এ কার্যবিবরণী অনুমোদন হয়।

৩। এরপর বিগত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন আলোচ্যসূচির ক্রমানুসারে উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়। সভায় আলোচিত বিষয় এবং গৃহিত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

## ৪। সাধারণ বিষয়াদি

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.১ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন | সরকার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ২০১৯ সালের ১৭ মার্চ হতে বছরব্যাপি যথাযোগ্য মর্যাদায় সারা দেশে উদযাপনের উদ্যোগ গ্রহণ করেছে। জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং এর অধীন সকল দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের সকল দপ্তরে বছরব্যাপি যথাযোগ্য মর্যাদায় জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপনের জন্য ইতোমধ্যে নানা কর্মসূচি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শীঘ্রই সকল পর্যায়ে পালনীয় নানা কর্মসূচি চূড়ান্ত করা হবে। এ বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব সুবোল বোস মনিকে ফোকাল পয়েন্ট এবং যুগ্মসচিব (ব্লু-ইকোনমি) জনাব মোঃ তৌফিকুল আরিফ-কে বিকল্প ফোকাল পয়েন্ট করা হয়েছে। | মন্ত্রণালয় ও অধীন দপ্তর/সংস্থায় ১৭ মার্চ, ২০১৯ হতে বছরব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদার সাথে পালনের জন্য কর্মসূচি প্রণয়ন করতে হবে। আগামী সভায় শতবর্ষ পালনের প্রস্তুতি নিয়ে অগ্রগতি জানাতে হবে। | অতিঃ সচিব (প্রশাসন)/ যুগ্মসচিব (ব্লু-ইকোনমি)/ সংস্থা প্রধান (সকল) |
| ৪.২ | এ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) এর কার্যক্রম | এ মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির জুলাই, ২০১৯ মাসের অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | ক) APA-এর বাস্তবায়ন অগ্রগতির মাসিক প্রতিবেদন প্রতি মাসের ১০ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।<br>খ) মন্ত্রিপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট সকল স্থানে যথাসময়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>গ) এপিএ কার্যক্রমের ভিডিও (প্রযোজ্য ক্ষেত্রে) সংরক্ষণ ও মন্ত্রিপিরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিঃ সচিব (প্রশাসন), সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪.৩ | টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্য (SDG) বাস্তবায়ন | পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকাশিত এসডিজি Mapping অনুযায়ী এ মন্ত্রণালয়ের জন্য নির্দেশিত SDGs Goal সমূহ সফলভাবে বাস্তবায়নের নিমিত্ত ০৯/০৪/২০১৯ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা, সংস্থা প্রধান ও SDG ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের অংশগ্রহণে কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অতিরিক্ত সচিব (SDG বিষয়ক) জনাব মো: মোকাম্মেল হোসেন মূল প্রবন্ধ উপস্থাপন করেন। উক্ত সভার সিদ্ধান্ত এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রের পরিপ্রেক্ষিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | (SDG) বিষয়ে আগামী সেপ্টেম্বর মাসের মধ্যে Co-lead মন্ত্রণালয়সমূহকে নিয়ে সভা আহবান করতে হবে। | যুগ্মসচিব (প্রাস-১)/ যুগ্মপ্রধান/ সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশা-১) |
| ৪.৪ | ব্লু-ইকোনমি | SDG এর সূচক মোতাবেক Life Below water এর বাস্তবায়নের জন্য Lead Ministry হলো মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। কিন্তু এ সূচকের বিভিন্ন Cross-Cutting issue আছে সেগুলো অন্যান্য মন্ত্রণালয়ে বাস্তবায়নযোগ্য। সুতরাং Life Below water এ সূচকের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করতে গিয়ে অন্যান্য মন্ত্রণালয় কী কী ধরণের পদক্ষেপ গ্রহণ করেছে, এসব কাজে কোন ধরণের Overlapping বা Duplication হচ্ছে কিনা তা পর্যালোচনা করার জন্য এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে একটি সভা আহবান করা দরকার। | এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে Co-lead মন্ত্রণালয়সমূহকে নিয়ে সভা আহবান করতে হবে। | যুগ্মসচিব (ব্লু-ইকোনমি)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪.৫ | সেবা-পদ্ধতি সহজিকরণ | মন্ত্রণালয় কর্তৃক প্রণীত সিটিজেন চার্টার এর আলোকে কী কী সেবা সহজিকরণ করা যাবে বা হবে তা আগামী সভার পূর্বে ইনোভেশন টীম দাখিল করবে। | আগামী সভায় ইনোভেশন টীম সেবা সহজিকরণের তালিকা উপস্থাপন করবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪.৬ | ই-সেবা প্রবর্তন | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং অধীন দপ্তর/সংস্থায় ই-সেবা প্রবর্তনের উদ্যোগ গ্রহণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ই-সেবা প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪.৭ | তথ্য-বাতায়নসমূহ হালনাগাদকরণ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং অধীন দপ্তর/সংস্থার তথ্য-বাতায়ন হালনাগাদ করার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | আগামী সভার পূর্বে তথ্য-বাতায়নসমূহ হালনাগাদকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা. |
| ৪.৮ | মাস্টার প্ল্যান প্রস্তুত | **বিএফডিসিঃ** বিএফডিসি'র ৩০ বছরের মাস্টার প্ল্যান পর্যালোচনা করে দেখা যায়ঃ এটি মূলতঃ কাপ্তাই লেক এবং বিদ্যমান অবকাঠামো বিএমআরইকরণ সংক্রান্ত। Corporation এর Sustainablity এর জন্য ভবিষ্যতে আরও কী কী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে তার কোন পরিকল্পনা এতে নেই। কর্পোরেশনের Sustainablity এর বিষয়টি বিবেচনা করে ভবিষ্যতে কি কার্যক্রম গ্রহণ করা যেতে পারে তা উল্লেখপূর্বক মাস্টার প্ল্যান প্রেরণের জন্য মৎস্য-৩ অধিশাখার ১১/০২/২০১৯ তারিখ চেয়ারম্যান, বিএফডিসিকে অনুরোধ জানানো হয়েছে।<br>**মেরিন ফিশারিজ একাডেমিঃ** মেরিন ফিশারিজ একাডেমি হতে ইতিপূর্বে প্রাপ্ত মাস্টার প্ল্যানে কিছু সংশোধনীর প্রয়োজন হওয়ায় মন্ত্রণালয়ের অনুরোধের প্রেক্ষিতে মেরিন ফিশারিজ একাডেমি হতে মাস্টার প্ল্যানের প্রস্তাব পাওয়া গেছে। যা মৎস্য-৩ অধিশাখায় পর্যালোচনাধীন আছে।<br>**বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলঃ** রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল এর খসড়া মাষ্টার প্ল্যান পর্যালোচনার জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) মহোদয়ের সভাপতিত্বে গত ৭/১১/২০১৮ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার | সংশ্লিষ্ট সংস্থার মাস্টার প্ল্যান যাচাই/ বাছাই করে আগামী সেপ্টেম্বর মাসের মধ্যে অনুমোদনের ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য এ মন্ত্রণালয় হতে ২২/১১/২০১৮ ও ২৬/১১/২০১৮ তারিখে রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলকে অনুরোধ করা হয়েছে। রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের ২০৩০ সাল পর্যন্ত মাস্টার প্ল্যান-এর পর্যালোচনা সভার সিদ্ধান্ত মোতাবেক গত ১১/০৩/২০১৯ তারিখে সংশোধনপূর্ব দাখিল করেছেন। উক্ত মাষ্টার প্লানটি অনুমোদনের জন্য নথিতে উপস্থাপন করা হয়েছে। | | |
| ৪.৯ | আইন/ বিধিমালা প্রণয়ন | **(ক) প্রস্তাবিত "মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ)** ক)গত ৩০/০৬/২০১৯ তারিখ ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়।<br><br>**(খ) "পশু ও পশুজাত পণ্য সঙ্গনিরোধ বিধিমালা, ২০১৮":** অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) মহোদয়ের সভাপতিত্বে গত ৫/১১/২০১৮ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>(গ) **"বাংলাদেশ চিড়িয়াখানা আইন, ২০১৮":** আইনের খসড়া ০৪/০৪/২০১৮ তারিখ এ মন্ত্রণালয় হতে আহবায়ক, আইনের খসড়া পরীক্ষা নীরিক্ষা পূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি অতিরিক্ত সচিব (আইন), মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। উক্ত আইনের ওপর ৩০/০৫/২০১৮ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী আইনের প্রাথমিক খসড়া প্রস্তুত করে ২৩/১/১৯ তারিখে আহ্বায়ক, আইনের খসড়া পরীক্ষা-নীরিক্ষা পূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়।<br>গত ১১/০৪/২০১৯ তারিখ: খসড়া আইনের উপর পরীক্ষা নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি-এর দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী খসড়া আইনটি প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জন করে গত ২৮/০৪/২০১৯ তারিখ আহবায়ক, আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি ও অতিরিক্ত সচিব (আইন), মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হলে হতে বিগত ০৫/০৫/২০১৯ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগের উক্ত কমিটি আইনের খসড়া মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের সুপারিশসহ এ মন্ত্রণালয়ে প্রেরণ করে। মন্ত্রিসভা-বৈঠকে নীতিগত অনুমোদনের জন্য প্রেরণের নিমিত্ত কার্যক্রম প্রক্রিয়াধীন।<br><br>**(ঘ) বাংলাদেশ ডেইরী উন্নয়ন বোর্ড আইন-২০১৮:** আহ্বায়ক, আইনের খসড়া পরীক্ষা-নীরিক্ষা পূর্বক মতামত প্রদান সংক্রান্ত কমিটি, মন্ত্রিপরিষদ বিভাগে ৯/০৬/২০১৯ তারিখে প্রেরণ করা হয়েছে। বিগত ২৩/৭/২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অতিরিক্ত সচিব (আইন) এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম প্রক্রিয়াধীন। উপসচিব (আইন) বলেন বিগত ২৩/৭/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক আইন ও বিধিমালা যাচাই করে একটি স্বতন্ত্র ও স্বায়ত্বশাসিত ডেইরি বোর্ড প্রতিষ্ঠার যৌক্তিকতা পুনঃপরীক্ষা করতে অনুরোধ করেন।<br><br>(ঙ) **সামুদ্রিক মৎস্য আইন, ২০১৮ :** গত ০৯/০৫/২০১৯ তারিখে | **(ক)** বিষয়টির অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>**(খ)** সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে চূড়ান্ত করতে হবে।<br><br>**(গ)** নথি উপস্থাপনের জন্য প্রক্রিয়াধীন।<br><br>**(ঘ)** অতিরিক্ত সচিব (প্রস-২) এবং মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরসহ সভা করে যৌক্তিকতা যাচাই করে নির্ধারণ করবেন।<br><br>**(ঙ)** লেজিসলেটিভ ও | যুগ্মসচিব (মৎস্য)/ যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১)/ যুগ্মসচিব (ব্লু ইকোনমি)/ সংস্থা প্রধান (সংশ্লিষ্ট)/ উপসচিব (আইন) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। | সংসদ বিষয়ক বিভাগে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **(চ) কৃত্রিম প্রজনন ও প্রাণী প্রজনন আইন-২০১৮:** গত ১২/২/২০১৯ তারিখে সভা অনুষ্ঠিত হয় এবং সভার সিদ্ধান্ত মোতাবেক খসড়া প্রণয়ন করে প্রেরণের জন্য মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে। | (চ) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরকে আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে খসড়া প্রস্তুত করে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **(ছ) যশোর জেলাধীন ভবদহ এলাকায় মৎস্য ঘের স্থাপনের জন্য নীতিমালা ২০১৮:** গত ০৯/০৬/২০১৯ তারিখে গেজেট আকারে প্রকাশের জন্য উপনিয়ন্ত্রক, সরকারি মুদ্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | (ছ) সরকারি মুদ্রণালয়ে যোগাযোগ করে দ্রুত মুদ্রণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **(জ) প্রবহমান নদী ও অন্যান্য জলাশয়ে খাঁচায় মাছচাষ নীতিমালা ২০১৮:** নীতিমালাটি চূড়ান্ত হওয়ায় মুদ্রণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস বরাবর ৩০/৭/২০১৯ তারিখে প্রেরণ করা হয়েছে। | (জ) সরকারি মুদ্রণালয়ে যোগাযোগ করে দ্রুত মুদ্রণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **(ঝ) সামুদ্রিক মৎস্য নীতিমালা, ২০১৮ :** নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। | **(ঝ) মৎস্য অধিদপ্তর** আগামী ৩১ আগস্ট ২০১৯ এর মধ্যে প্রেরণ করবে। | |
| | | **(ঞ) নিহত জেলে পরিবার বা স্থানীয়ভাবে অক্ষম জেলেদের প্রণোদনা সহায়তা প্রদান নীতিমালা ২০১৮:** নীতিমালাটি চূড়ান্ত হওয়ায় মুদ্রণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস বরাবর ৩০/৭/২০১৯ তারিখে প্রেরণ করা হয়েছে। | (ঞ) সরকারি মুদ্রণালয়ে যোগাযোগ করে দ্রুত মুদ্রণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **(ট) সরকারী খামার হতে রেণু/পোনা বিক্রির ক্ষেত্রে প্রাধিকার নিশ্চিত করার নীতিমালা ২০১৮:** চূড়ান্ত প্রকাশের পূর্বে মতামত প্রাপ্তির বিষয়ে অত্র মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আছে এবং সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের মতামত চাওয়া হলে মাত্র একজন খামার ব্যবস্থাপকের মতামত মৎস্য অধিদপ্তরের মাধ্যমে পাওয়া গেছে। খসড়া প্রস্তুতের কাজ চলমান আছে। | (ট) দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **(ঠ) জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান নির্দেশিকা (Guideline) ২০১৮:** নীতিমালাটি চূড়ান্ত হওয়ায় মুদ্রণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস বরাবর ৩০/৭/২০১৯ তারিখে প্রেরণ করা হয়েছে। | (ঠ) সরকারি মুদ্রণালয়ে যোগাযোগ করে দ্রুত মুদ্রণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | **(ণ) মৎস্যচাষ নীতিমালা ২০১৮:** ০১/১০/২০১৮ তারিখে অভ্যন্তরীন একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভার সিদ্ধান্ত মোতাবেক নীতিমালা সংজ্ঞাসহ উদ্দেশ্য ও কৌশল ইত্যাদি যথাযথভাবে সন্নিবেশ করে পুনরায় প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। | (ণ) মহাপরিচালক নীতিমালার খসড়া প্রস্তুত করে পুনরায় প্রেরণ করবেন। | |
| ৪.১০ | জেলা/ উপজেলা | জুলাই ২০১৯ মাসে এ মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মকর্তা জেলা/ | (১) সংশ্লিষ্ট কর্মকর্তা | অতিরিক্ত সচিব |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | পর্যায়ের অফিস ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন | উপজেলা পর্যায়ের অফিস ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন করেছেন।<br>(১) জনাব মোঃ হামিদুর রহমান, উপসচিব ২২ জুলাই, ২০১৯ তারিখ জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র ও সরকারি হাঁস-মুরগি খামার, যশোর পরিদর্শন করেছেন।<br>(২) বেগম মাহমুদা মাসুম, সিনিয়র সহকারী প্রধান ০৪-০৬ জুলাই ২০১৯ তারিখ বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের "মুক্তা চাষ প্রযুক্তি উন্নয়ন ও সম্প্রসারণ (২য় সংশোধিত) প্রকল্প", বাংলাদেশ ঝিনুক ও শামুক সংরক্ষণ, পোনা উৎপাদন এবং চাষ প্রকল্প পরিদর্শন করেছেন।<br>(৩) জনাব হরেকৃষ্ণ অধিকারী, সহকারী প্রধান ২৬-২৭ জুলাই ২০১৯ তারিখ ফরিদপুর জেলার ভাঙ্গা উপজেলা, সদর উপজেলা ও নগরকান্দা উপজেলা পরিদর্শন করেছেন। | পরিদর্শনে উদঘাটিত ত্রুটি নিরসনের প্রতিবেদন সংস্থা হতে সংগ্রহ করে সভায় উপস্থাপন করবেন।<br>(২) অতিরিক্ত সচিব/ যুগ্মসচিবগণ জেলা/ উপজেলা পর্যায়ের অফিস/ প্রতিষ্ঠান ও বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শনপূর্বক সাত কর্মদিবসের মধ্যে পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন। | (সকল) যুগ্মসচিব (মৎস্য/ প্রাস-১)/ যুগ্মসচিব (ব্লু-ইকোনমি)/ যুগ্মপ্রধান/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪.১১ | মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার | মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় সময়োপযোগী ও অধিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়মিত রেডিও টেলিভিশনে (বেসরকারি চ্যানেলসহ) প্রচার এবং নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে। | প্রচারের জন্য বাৎসরিক রোডম্যাপ প্রস্তুতপূর্বক বিভিন্ন গণমাধ্যমে ও ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। | DG, DoF, DG, DLS, DG, BFRI, DG, BLRI, উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর |
| ৪.১২ | অডিট আপত্তি | (ক) নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিকরণ অব্যাহত আছে এবং দপ্তর/সংস্থা হতে ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।<br>১। জুন/১৯ শেষে মোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৭,২২৫ টি। জুলাই মাসে অডিট আপত্তির সংখ্যা ৩৫ টি। জুলাই/১৯ মাসের শেষে মোট অডিট আপত্তির সংখ্যা ৭,২৬০ টি। জুলাই মাসে আপত্তি নিষ্পত্তির সংখ্যা ১২ টি ও জুলাই/১৯ মাসের শেষে অনিষ্পন্ন মোট অডিট আপত্তির সংখ্যা ৭,২৪৮ টি।<br>২। জুলাই/১৯ মাসে মৎস্য অধিদপ্তর কর্তৃক ০১টি দ্বিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ০৩টি আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে।<br>৩। জুলাই/১৯ মাসে ত্রি-পক্ষীয় সভার সংখ্যা ০২ টি। উপসচিব (আইন অধিশাখা) এর সভাপতিত্বে ১৪/০৭/২০১৯ তারিখে প্রাণিসম্পদ অধিদপ্তর এর অধীনস্থ সমাপ্ত মহিষ উন্নয়ন প্রকল্পের বিভিন্ন সনের অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। এ সভায় আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে ০৯ টি এবং উপসচিব (আইন অধিশাখা) এর সভাপতিত্বে ২১/০৭/২০১৯ তারিখে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তর, যশোর এর সম্মেলন কক্ষে খুলনা বিভাগ ও এর অধীনস্থ বিভিন্ন অফিসসমূহের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। এ সভায় আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে ০৭ টি।<br>(খ) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর জানায় ২৫/৬/২০১৯ তারিখে ৩২৪ স্মারক মূলে এ মন্ত্রণালয়ের সহকারী সচিব জনাব মোঃ আব্দুল খালেক অডিট আপত্তির বিষয়ে একটি পত্র দেন। এতে তিনি অডিট আপত্তি আছে কিনা, কি কি অডিট আপত্তি দায়ের করা হয়েছে, অডিট আপত্তির বিপরীতে আর্থিক সংশ্লেষ কত? অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে কিনা? ইত্যাদি প্রশ্ন সম্বলিত পত্রটি | (ক) (i) নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে এবং দপ্তর/সংস্থা হতে ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(ii) দারিদ্র বিমোচনের অডিট আপত্তির বিষয়ে দ্বিপক্ষীয় সভার মাধ্যমে সংস্থার ক্ষেত্রে ১ বছরের অডিট আপত্তিগুলোর ৫% এবং মন্ত্রণালয়ের ৩% হারে আগামী ৩০ সেপ্টেম্বর এর মধ্যে নিষ্পত্তি করতে হবে।<br>(খ) জনাব মোঃ আব্দুল খালেক আগামী সভায় বিষয়টি উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিঃ সচিব (প্রশাসন), সংস্থা প্রধান (সকল)/ সহকারী সচিব (প্রশাসন-৪) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | পাঠান। তখন প্রাণিসম্পদ অধিদপ্তর হতে ১০/৭/২০১৯ তারিখ ১৭৬০ নং স্মারকে অডিট আপত্তি নেই মর্মে পত্র দেবার পরও এরূপ পত্র প্রেরণ করা সমীচিন নয় মর্মে জানান। সভাপতি জানান জনাব মোঃ আব্দুল খালেক আগামী সভায় বিষয়টি উপস্থাপন করবেন। | | |
| ৪.১৩ | মামলা/ মোকদ্দমা নিষ্পত্তি | **(ক) মৎস্য অধিদপ্তরঃ** মৎস্য অধিদপ্তরের মে, ২০১৯ পর্যন্ত মামলার হালনাগাদ তথ্যাদি :<br>মোট মামলা: ৭৫৯টি, হাইকোর্ট : ৫২৩টি, প্রশাসনিক ট্রাইব্যুনাল: ২৩টি, প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল: ১৩টি, মোবাইল কোর্ট (মে, ২০১৯): ২০০টি, (মৎস্য খাদ্য আইন: ৬৩টি মৎস্য সংরক্ষণ আইন: ৬১টি ফরমালিনের ব্যবহার নিয়ন্ত্রণ: ৩৩টি মৎস্য হ্যাচারি আইন: ৪৩টি) মে, ২০১৯ মাসে নথিভুক্ত মামলা: ০৪টি (০২টি সার্ভিস এবং ০২টি ট্রলার সংক্রান্ত) ০৪টি মামলাই মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত।<br>**(খ) প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** প্রাণিসম্পদ অধিদপ্তরের সুপ্রিম কোর্টে ১২, হাইকোর্টে ১২৯, জজ কোর্টে ২০, প্রশাসনিক/ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে ১২/৪টিসহ মোট ১৭৭টি।<br>**(গ) বিএফডিসিঃ** মহামান্য হাইকোর্টে ১২টি, আপিল বিভাগে ৬টি, জেলা জজ আদালতে ১৫টি ও ফৌজদারী আদালতে ৩টিসহ মোট ৩৭টি মামলা চলমান আছে। মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য নিয়মিত তদারকি করা হচ্ছে।<br>**(ঘ) বিএফআরআইঃ** ইনস্টিটিউটের বিভিন্ন বিষয়ে ১৪টি (মহামান্য হাইকোর্টে ৮টি এবং নিম্ন আদালতে ৬টি) মামলা চলমান আছে। মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত অনুসরণ করা হচ্ছে।<br>**(ঙ) বিএলআরআইঃ** ২(দুই)টি রীট মামলা রয়েছে। ১টি রীট মামলার রায়ের বিরুদ্ধে আপিল করা হয়েছে। টাকা আদায়ের জন্য মানিস্যুট ১টি মামলা করা হয়েছে, জেলা ঢাকা, দ্বিতীয় যুগ্ম জেলা জজ আদালত, ঢাকায়। | অনিষ্পন্ন মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে নিয়মিত অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখা এবং দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংস্থা প্রধান (সকল), উপসচিব (আইন) |
| ৪.১৪ | পেনশন কেইস দ্রুত নিষ্পত্তি | **(১) মৎস্য অধিদপ্তরঃ** মে ২০১৯ মাসে ৮টি পেনশন কেস পাওয়া যায়। ইতোমধ্যে ৮টি পেনশন কেসই নিষ্পত্তি হয়েছে।<br>**(২) প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** পূর্ববর্তী মাসের জের ০৭টি, পরবর্তীতে প্রাপ্ত ০০টিসহ মোট কেইস ০৭টি। নিষ্পত্তি হয়েছে ০০টি এবং প্রক্রিয়াধীন ০৭টি।<br>আগামী ৩ মাস, ৬ মাস ও ১ বছরে কতজন পিআরএল-এ যাবে তার তথ্য আগেই নিশ্চিত হয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে লাম্পগ্রান্ডসহ পিআরএল আদেশ জারি করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | (১) অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার পেনশন কেইসগুলো অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তিসহ পিআরএল-এ গমনের তারিখের দু'মাস পূর্বে মন্ত্রণালয় থেকে মঞ্জুরী আদেশ জারি করতে হবে।<br>(২) যথাসময়ে আবেদন ও বিধি অনুযায়ী ১৮ মাসের লাম্পগ্রান্ডসহ ০১ বছরের পিআরএল অনুমোদন/ আদেশ একইসাথে জারি করতে হবে।<br>(৩) আগামী ৩ মাস, ৬ মাস ও ১ বছরে কতজন পিআরএল-এ যাবে তার তথ্য আগেই নিশ্চিত হয়ে | যুগ্মসচিব (মৎস্য/ প্রাণিসম্পদ-২), যুগ্ম-সচিব (প্রাণিসম্পদ-১), DG, DOF, DG, DLS/ মন্ত্রণালয়ের কল্যাণ কর্মকর্তা |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | | নির্দিষ্ট সময়ের মধ্যে লাম্পগ্রান্ডসহ পিআরএল আদেশ জারি করতে হবে। | |
| ৪.১৫ | মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরের হালনাগাদ গাড়ির সংখ্যা নির্ধারণ | **(১) মৎস্য অধিদপ্তরঃ** মৎস্য অধিদপ্তরের গাড়ি TO&E ভুক্তকরণের নিমিত্ত স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব ১১/২/২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ে পুনরায় ২৮/৫/২০১৯ তারিখে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>**(২) প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী প্রাণিসম্পদ অধিদপ্তরের গাড়ীর সংখ্যার পুনঃপ্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য কার্যক্রম অব্যাহত আছে। শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>**(৩) বিএফআরআইঃ** ইনস্টিটিউটের হালনাগাদ গাড়ির তালিকা প্রণয়নের কাজ বর্তমানে চূড়ান্ত পর্যায়ে রয়েছে। তালিকা শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। ইনস্টিটিউটের গাড়ি টিওএন্ডইভুক্ত করণের প্রস্তাব বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। | (ক) মৎস্য অধিদপ্তর স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব দ্রুত দাখিল করবে। বিএফডিসি ব্যতিত অন্যান্য দপ্তর/ সংস্থা হালনাগাদ গাড়ির তালিকা প্রস্তুতপূর্বক এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) সংস্থার গাড়িগুলো To&Eভুক্ত করণের প্রস্তাব ০১ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (মৎস্য) যুগ্মসচিব (প্রাস-১)/ সংস্থা প্রধান (সকল)/ সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৪.১৬ | জনবলের ডাটাবেইজ প্রস্তুতকরণ | সকল সংস্থার জনবলের ডাটাবেইজ (Database) নিয়মিত আপডেট করা হচ্ছে। | জনবলের ডাটাবেইজ নিয়মিত আপডেট ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | সংস্থা প্রধান (সকল) |
| ৪.১৭ | বকেয়া বিদ্যুৎ বিল ও ভূমি উন্নয়ন কর পরিশোধ | সকল সংস্থা কর্তৃক বকেয়া বিদ্যুৎ বিল, পানির বিল, গ্যাসের বিল, ভূমি উন্নয়ন কর ও পৌর কর নিয়মিত পরিশোধ করা হচ্ছে।<br>**প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর দাবীকৃত ৩(তিন)টি দপ্তরের মোট ৫,০৩,২২৭/- টাকার মধ্যে ইতোমধ্যে ২,৫৫,০৮০/- টাকার বিল পরিশোধ করা হয়েছে। সংশোধিত বাজেট বরাদ্দ পাওয়া গেছে। অচিরেই বাকী ২,৪৮,১৪৭/- টাকার বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>বাজেট বরাদ্দ থাকা সত্ত্বেও বকেয়া পরিশোধ করা না হলে সংশ্লিষ্ট সংস্থা দায়ী থাকবে মর্মে সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। | (১) বকেয়া বিদ্যুৎ বিল, পানির বিল, গ্যাসের বিল, ভূমি উন্নয়ন কর ও পৌর কর পরিশোধপূর্বক সকল সংস্থা থেকে হালনাগাদ তথ্য এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক ভূমি উন্নয়ন ও পৌর কর বাবদ দাবিকৃত অবশিষ্ট টাকা পরিক্ষান্তে দ্রুত পরিশোধ করতে হবে।<br>(৩) বাজেট বরাদ্দ থাকা সত্ত্বেও বকেয়া পরিশোধ করা না হলে সংশ্লিষ্ট সংস্থা দায়ী থাকবে। | অতিঃ সচিব (সকল)/ সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (বাজেট) |
| ৪.১৮ | জরাজীর্ণ/ মেরামত অযোগ্য ভবন অপসারণ | (ক) **মৎস্য অধিদপ্তরঃ** মৎস্যবীজ উৎপাদন খামার, আমনুরা, চাঁপাইনবাবগঞ্জ এবং মৎস্যবীজ উৎপাদন খামার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জের ব্যবহার অনুপযোগী স্থাপনা পরিত্যক্ত ঘোষণা ও নিলামকরণ সংক্রান্ত জেলা কনডেমনেশন কমিটির সুপারিশ অনুমোদনের জন্য প্রস্তাব মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক ১০/০২/২০১৯ তারিখে এবং দিনাজপুর জেলাধীন জেলা মৎস্য ভবন, মৎস্যবীজ উৎপাদন খামার, পুলহাট; মৎস্যবীজ উৎপাদন | (১) ছক মোতাবেক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) জুন ২০১৯ এর মধ্যে নির্দেশনা মতে জরাজীর্ণ ভবন | যুগ্মসচিব (মৎস্য), যুগ্মসচিব (প্রাস-১), যুগ্মপ্রধান, DG, DOF, DG, DLS |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | খামার, পার্বতীপুর এর ব্যবহার অনুপযোগী স্থাপনা পরিত্যক্ত ঘোষণা ও নিলামে বিক্রয়ের নিমিত্ত জেলা কনডেমনেশন কমিটির সুপারিশ অনুমোদনের নিমিত্ত মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমতির জন্য ১০/০২/২০১৯ তারিখে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>(খ) **প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** ৪১টির মধ্যে ১৬টি ভাংগা/অপসারণ করা হয়েছে। পুরাতন/ জরাজীর্ণ ভবনের স্থলে নতুন স্থাপনা/ অবকাঠামো নির্মাণের প্রকল্প গ্রহন কার্যক্রম অব্যাহত আছে।<br>(গ) **বিএলআরআইঃ** নাইক্ষ্যংছড়িতে একটি অফিস-কাম-ল্যাব ভবন আছে যা জরাজীর্ণ। তা মেরামতযোগ্য কিনা তা নির্ণয়ের জন্য জেলা প্রশাসক বরাবর গত ২৯/০৫/২০১৭ খ্রিঃ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। জেলা প্রশাসক, বান্দরবান কর্তৃক নির্বাহী প্রকৌশলী (গণপূর্ত) বরাবর প্রেরণকরা হলে ভবনটি অকেজো নয়, উহা মেরামতযোগ্য মর্মে গত ৩১/৭/২০১৮ খ্রিঃ তারিখে প্রতিবেদনে উল্লেখ করেন। কার্যবিবরণী ২৫/১০/১৮ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>(ঘ) **বিএফআরআইঃ** ইনস্টিটিউটের সামুদ্রিক কেন্দ্রের ব্যবহার অনুপযোগী অফিস ও বাসভবন নিলামে বিক্রয়ের জন্য মন্ত্রণালয় থেকে ০৭-০৪-২০১৯ তারিখে অনুমোদন প্রদান করা হয়েছে। অনুমোদন মোতাবেক নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | |
| ৪.১৯ | আই,টি বিষয় | এ মন্ত্রণালয় ও এর অধীন সকল সংস্থায় ই-ফাইলিং এর মাধ্যমে ১০০% নথির কার্যক্রম গ্রহণ করতে হবে। | এ মন্ত্রণালয় ও অধীনস্থ সকল সংস্থায় ১০০% ই-ফাইলিং বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। ই-ফাইলিং এর মাধ্যমে কে কত শতাংশপত্র জারি করেছে তার প্রতিবেদন প্রদান করতে হবে। অন্যথায় বিধিগত ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | অনুবিভাগ প্রধান (সকল), সংস্থা প্রধান (সকল) |
| ৪.২০ | ইনোভেশন | ২০১৮-২০১৯ সনে প্রণীত ইনোভেশন টীম এর বার্ষিক কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়িত হয়েছে মর্মে মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়ন হতে জানা যায়। এতে এ মন্ত্রণালয়ের অর্জন ১০০%। আগামী সভার পূর্বে দপ্তর/সংস্থার চলমান উদ্ভবনের তালিকা মন্ত্রণালয়ে পেশ করতে হবে। | আগামী সভায় দপ্তর/সংস্থার চলমান উদ্ভবনের তালিকা উপস্থাপন করতে হবে। | চীফ ইনোভেশন অফিসার, সংস্থা প্রধান (সকল) |
| ৪.২১ | ই-টেন্ডারিং | মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটে ই-টেন্ডারিং পদ্ধতিতে দরপত্র আহ্বান করা হচ্ছে। অন্যান্য সংস্থা হতে ই-টেন্ডারিং পদ্ধতিতে দরপত্র আহ্বানের কার্যক্রম প্রক্রিয়াধীন। | সকল দপ্তর/সংস্থা কর্তৃক দরপত্রের কার্যক্রম ই-টেন্ডারিং পদ্ধতিতে সম্পন্ন অব্যাহত রাখতে হবে। | অতিঃ সচিব (প্রশাসন), সংস্থা প্রধান (সকল) |
| ৪.২২ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | এ মন্ত্রণালয় এবং এর অধীন সকল সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের জন্য বার্ষিক ৬০ ঘন্টা কর্মকালীন (ইন-হাউজ) প্রশিক্ষণ চলমান আছে।<br><br>এ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা, ব্যক্তিগত কর্মকর্তা, সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, হিসাবরক্ষক ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিকদের সমন্বয়ে ২টি ব্যাচে সঞ্জীবনী প্রশিক্ষণ (প্রতি বাচে ২০ জন করে মোট ৪০ জন) বাস্তবায়ন | (১) মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থায় বার্ষিক ৬০ ঘন্টা কর্মকালীন প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(২) অগ্রাধিকার | অতিঃসচিব (প্রশাসন) সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-৩) |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | করা হয়েছে। কর্মকর্তাদের প্রজেক্ট ডেভেলপমেন্ট বিষয়ে নির্দেশনা মতে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।<br>অপরদিকে, এ মন্ত্রণালয়ের ২৯ জন অফিস সহায়কদের সমন্বয়ে ১টি ব্যাচে সঞ্জীবনী প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়েছে। | ভিত্তিতে কর্মকর্তা-কর্মচারীদের দেশের অভ্যন্তরে সঞ্জীবনী প্রশিক্ষণ বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। | |
| ৪.২৩ | জাতীয় শুদ্ধাচার কৌশল | ২০১৮-২০১৯ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো (হার্ড কপি ও সফট কপি) এর ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ১৫ জানুয়ারি ২০১৯ এবং ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ১৫ এপ্রিল ২০১৯ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে সকলকে সচেতন করাসহ সকল পর্যায়ে তা প্রতিপালন করতে হবে। | অতিঃ সচিব (প্রাণিসম্পদ-২), সংস্থা প্রধান (সকল) |
| ৪.২৪ | অভিযোগ নিষ্পত্তি | অভিযোগ বাক্সে ও অনলাইনে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।<br>**(ক) বিএফডিসিঃ** মে, ২০১৯ মাসে কর্পোরেশনের অভিযোগ বাক্সে ও অনলাইনে কোন অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পাওয়া গেলে তা নিষ্পত্তিকরতঃ সভায় উপস্থাপন করা হবে।<br>**(খ) মৎস্য অধিদপ্তরঃ** মৎস্য অধিদপ্তরের নিচ তলায় সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। মার্চ, ২০১৯ মাসে অভিযোগ বাক্সে কোনো অভিযোগ পাওয়া যায়নি।<br>**(গ) প্রাণিসম্পদ অধিদপ্তরঃ** অভিযোগ নিষ্পত্তির জন্য স্বচ্ছ বাক্স স্থাপন করা হয়েছে। উপপরিচালক, প্রশাসন ফোকাল পয়েন্টের দায়িত্বে নিয়োজিত। অভিযোগ বাক্সে অভিযোগ পাওয়া গেলে তা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। জুলাই ২০১৭ হতে মার্চ ২০১৯ পর্যন্ত ৩৫টি এবং মে, ২০১৯ মাসে ৩টিসহ মোট ৩৮টি অভিযোগ পাওয়া গেছে যা নিষ্পত্তির প্রক্রিয়াধীন আছে।<br>**(ঘ) বিএফআরআইঃ** মে, ২০১৯ মাসে অভিযোগ বাক্সে কোন অভিযোগ এবং অনলাইনে কোন অভিযোগ পাওয়া যায়নি।<br>**(ঙ) বিএলআরআইঃ** অভিযোগ বাক্স দৃষ্টিগোচর হয় এমন স্থানে স্থাপন করা হয়েছে এবং কমিটি গঠন করে অভিযোগগুলো সংগ্রহ করে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। | (১) অভিযোগ বাক্সে ও অনলাইনে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>(২) অভিযোগ বাক্সে ও অনলাইনে প্রাপ্ত অভিযোগের তথ্য সভায় উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪.২৫ | জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ পালন | মাননীয় প্রধানমন্ত্রী "প্রাণিসম্পদ সেবা সপ্তাহ-২০১৯" এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিতির সদয় সম্মতি প্রদান করেছেন।<br>সে প্রেক্ষিতে এ মন্ত্রণালয় হতে ২৩/০১/২০১৯ তারিখের "প্রাণিসম্পদ সেবা সপ্তাহ-২০১৯" উদযাপন উপলক্ষ্যে সকল ধরণের প্রস্তুতিসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | বিষয়টি ফলোআপ করতে হবে। | অতিঃ সচিব (প্রাস-২)/ যুগ্মসচিব (প্রাস-১), মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর/ উপসচিব (প্রাণিসম্পদ-২) |
| ৪.২৬ | অনিষ্পন্ন পত্র/বিষয় | দপ্তর/ অধিদপ্তর/ সংস্থার অনিষ্পন্ন পত্রগুলো দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।<br>মাসিক সমন্বয় সভায় সংস্থা প্রধানগণ মন্ত্রণালয়ে অনিষ্পন্ন বিষয় উপস্থাপন করবেন মর্মে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করবেন। | (১) মন্ত্রণালয়ে দপ্তর/ সংস্থার অনিষ্পন্ন বিষয় ও দপ্তর/ সংস্থায় মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়গুলো দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(২) সংস্থাপ্রধানগণ মাসিক সমন্বয় সভায় মন্ত্রণালয়ে অনিষ্পন্ন বিষয়গুলো উপস্থাপন করবেন। | সংস্থা প্রধান (সকল)/ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

## অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত

### ৫। মৎস্য অধিদপ্তর

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৫.১ | মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের (নন-ক্যাডার) নিয়োগবিধি সংক্রান্ত | বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে এ বিষয়ে গত ০৭/১/২০১৯ এবং ১০/০১/২০১৯ তারিখে ০২টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী পিএসসি হতে এখনো পাওয়া যায়নি। | মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদের (নন-ক্যাডার) নিয়োগ বিধির বিষয়ে অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (মৎস্য), DG, DOF/ উপসচিব (মৎস্য-১) |
| ৫.২ | মৎস্য অধিদপ্তরের রাজস্বখাতে ১৫৩১টি পদ সৃজন | এ বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব বরাবরে বিস্তারিত তথ্যাদি উল্লেখ করে সদয় অবগতির জন্য ২৯/০৫/২০১৮ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে। মৎস্য অধিদপ্তরের ১৫৩১টি বিভিন্ন পদ ও ৬০০টি ক্ষেত্রে সহকারীর পদ সৃজনের সম্মতি দেয়ার জন্য পুনরায় অর্থ বিভাগে ৪/৩/২০১৯ তারিখে পত্র দেয়া হয়। অর্থ বিভাগ কিছু তথ্য চেয়ে ০৮/৪/২০১৯ তারিখে পত্র প্রেরণ করে। তৎপ্রেক্ষিতে, এ মন্ত্রণালয় হতে উক্ত তথ্যের জবাব প্রেরণের জন্য মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর-কে ২৮/৪/২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। | এ বিষয়ে অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (মৎস্য), DG, DOF/ উপসচিব (মৎস্য-১) |
| ৫.৩ | শূন্য পদে লোক নিয়োগ | মৎস্য অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণির ৪১৫টি শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র ২১/০৫/১৯ তারিখে মন্ত্রণালয় হতে পাওয়া গেছে। জনবল নিয়োগের পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানাতে হবে। | যুগ্মসচিব (মৎস্য), DG, DOF/ উপসচিব (মৎস্য-১) |

### ৬। প্রাণিসম্পদ অধিদপ্তর

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৬.১ | ক্ষুদ্র, মাঝারি ও বড় পোল্ট্রি ফার্ম এবং ফিডমিল রেজিস্ট্রেশন | ক্ষুদ্র, মাঝারি ও বড় পোল্ট্রি ফার্ম (বেসরকারি খামারসহ) এবং ফিডমিল রেজিস্ট্রেশনের কার্যক্রম অব্যাহত আছে। | দেশের সকল বেসরকারি খামার, ফিডমিল ও ল্যাবরেটরি নিবন্ধনের তালিকা ৭ দিনের মধ্যে প্রেরণ করতে হবে। | অতিঃ সচিব (প্রাস-২), মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৬.২ | ঝিনাইদহ ভেটেরিনারি কলেজের জনবল নিয়োগ | প্রস্তাবিত নিয়োগ বিধিমালাটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। | অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (প্রাস-৪), যুগ্মপ্রধান, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৬.৩ | প্রাণিসম্পদ অধিদপ্তরের রাজস্বখাতে পদ সৃজন। | প্রাণিসম্পদ অধিদপ্তরের ৮৬২৪টি পদ রাজস্ব খাতে সৃজনের বিষয়ে গত ৩০/১০/২০১৮ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া যায়। পরবর্তীতে প্রাণিসম্পদ অধিদপ্তরের ৮৬২৪টি পদ রাজস্ব খাতে সৃজনের বিষয়ে অর্থ বিভাগের সম্মতির জন্য গত ৫/১২/২০১৮ তারিখ অর্থ বিভাগে পত্র দেয়া হয়। | অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (প্রাস-১)/ DG, DLS |
| ৬.৪ | শূন্য পদে লোক নিয়োগ | ৩য় শ্রেণীর জনবল নিয়োগের জন্য ৬১০ টি পদের ছাড়পত্র পাওয়া গেছে। উক্ত ৬১০টি পদের নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়েছে। এ | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক | যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১), |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বিষয়ে কার্যক্রম অব্যাহত আছে। | নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানাতে হবে। | DG, DLS/ উপসচিব (প্রাণিসম্পদ-১) |

## ৭। বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৭.১ | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কল্যাণ তহবিলের অনুমতি | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের কল্যাণ তহবিলের অনুমতি প্রদানের পুনঃপ্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে গত ৯ ডিসেম্বর ২০১৮ তারিখ প্রেরণ করা হয়েছে। যা জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। | অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | যুগ্মসচিব (মৎস্য-৫) মহাপরিচালক, বিএফআরআই |
| ৭.২ | শূন্য পদে লোক নিয়োগ | বিষয়টি প্রক্রিয়াধীন আছে। | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানাতে হবে। | যুগ্মসচিব (মৎস্য-৫) মহাপরিচালক, বিএফআরআই |

## ৮। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৮.১ | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের ৩৯৪টি পদ সৃজন | বিএলআরআই এর ১৩৯ (একশত উনচল্লিশ)টি পদ (১ম পর্যায়ে ২০১৮-১৯ অর্থ বছরে ৯৫টি এবং ২য় পর্যায়ে ২০২০-২১ অর্থ বছরে ৪৪টি) পদ অস্থায়ীভাবে সৃজনে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সদয় অনুমোদন জন্য সার-সংক্ষেপ প্রস্তুত করে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সদয় অনুমোদনের জন্য উক্ত স্বাক্ষরিত সার-সংক্ষেপ ৩৫ সেট (সংলগ্নীসহ) এ মন্ত্রণালয় হতে ২১/১/২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। উক্ত বিষয়ে প্রশাসনিক সংক্রান্ত সচিব কমিটির সভা ২০১৯ সালের ৪র্থ সভা হয়েছে। সভার কার্যবিবরণী এখনও পাওয়া যায়নি। | বিএলআরআই এর ৩৯৪টি পদ রাজস্বখাতে সৃজনের বিষয়ে অনুসরণমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিঃ সচিব (প্রাস-২), মহাপরিচালক, বিএলআরআই/ উপসচিব (প্রাস-২) |
| ৮.২ | শূন্য পদে লোক নিয়োগ | বিষয়টি প্রক্রিয়াধীন আছে। | অবিলম্বে বিদ্যমান শূন্য পদে লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করে মন্ত্রণালয়কে আগামী সভার পূর্বেই জানাতে হবে। | অতিঃ সচিব (প্রাণিসম্পদ-২), DG, BLRI/ উপসচিব (প্রাণিসম্পদ-২) |

৯। মেরিন ফিশারিজ একাডেমি

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৯.১ | সিমুলেটর বেইজড ট্রেনিং ফ্যাসিলিটিজ স্থাপন প্রকল্প | সিমুলেটর বেইজড ট্রেনিং ফ্যাসিলিটিজ স্থাপন প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ চলমান আছে। | দ্রুত প্রকল্প প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যুগ্মপ্রধান, অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, উপসচিব (মৎস্য-৩) |

১০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৮/১৭

(কাজী ওয়াছি উদ্দিন)
সচিব (রুটিন দায়িত্ব)